



S M U G

SWEATER LIMITED

100% Export Oriented Sweater Manufacturer

Address : Talepara, Chandona, Gazipur-1702, Bangladesh

Tel : 880-2-9264079, 9264090, Fax : 880-2-9263928, E-mail : info@evasweater.com

নিয়োগ নীতিমালা

RECRUITMENT POLICY

১.৫ নিয়োগ নির্দেশিকাঃ

- ১.৫.১ প্রতিষ্ঠানকে লাভজনক এবং দক্ষভাবে পরিচালনার জন্য ব্যবস্থাপনা সকল স্তরে যোগ্য ও দক্ষ কর্মী নিয়োগ দিবে। এক্ষেত্রে বয়স, জাতি, ধর্ম, বর্ণ, গোত্র, লিঙ্গ বিবেচ্য নয়। যোগ্যতা ও দক্ষতাই নিয়োগ নীতির মূলনীতি। নিয়োগ নীতি প্রতিষ্ঠানে যথাযথ কার্যকর করার জন্য ব্যবস্থাপনা নিয়োক্ত প্রক্রিয়া অনুসরণ করিবে।
- ১.৫.২ ইহা কোন শিশু শ্রমিক নিয়োগ করবে না।
- ১.৫.৩ শ্রমিক নিয়োগের ক্ষেত্রে ইহা সাধারণভাবে কাজের ধরন ও যোগ্যতা উল্লেখ করে স্থানীয়/জাতীয় দৈনিক পত্রিকা, পোষ্টার, ব্যানার, পি.এ সিস্টেমে ঘোষণা বা অন্য কোন কার্যকর উপায়ে (যদি থাকে) বিজ্ঞাপন প্রকাশ করিবে।
- ১.৫.৪ ইহা চাকুরী প্রার্থীদের প্রাথমিক ভাবে বাছাই করবে। আবেদনকারীকে প্রাথমিকভাবে বাছাই, প্রার্থীর বয়স পরীক্ষা, সক্ষমতা যাচাই, সাক্ষাতকার গ্রহণ, পেশাগত দক্ষতা যাচাইয়ের পর বেতন, পদবী ও সুযোগ সুবিধা নির্ধারণের মাধ্যমে নিয়োগ নিশ্চিত করা হইবে।
- ১.৫.৫ শ্রমিক বাছাই বা নিয়োগের ক্ষেত্রে অত্র কোম্পানীতে কর্মরত কোন লোক বা বাইরের কোন লোক যাতে কোন চাকুরী প্রার্থীর কাছ থেকে কোন প্রকার টাকা-পয়সা বা চাঁদা না নিতে পারে কর্তৃপক্ষ তা সম্পূর্ণ নিশ্চিত করে থাকে।
- ১.৫.৬ কোন মহিলা প্রার্থীকে কোন প্রকার গর্ভবস্থার বিষয়ে প্রশ্ন বা পরীক্ষা করা হইবে না।
- ১.৫.৭ নিয়োগ নিশ্চিত হবার পর ইহা অবশ্যই প্রত্যেক শ্রমিককে নিয়োগ পত্র ও চাকুরীর চুক্তিপত্র প্রদান করিবে।
- ১.৫.৮ নিয়োগের জন্য মনোনিত প্রত্যেককেই নিয়োগ পত্র দেওয়া হয়। নিয়োগ পত্রে নিম্নলিখিত বিষয়গুলোর উল্লেখ থাকেঃ পদ, যোগদানের তারিখ, বেতন ভাতা, আবেক্ষকাল, চাকুরী অবসানের ক্ষেত্রে উভয় (কর্তৃপক্ষ এবং শ্রমিক)পক্ষের শর্তাবলী, ছুটি ও অন্যান্য সুযোগ সুবিধা, এবং নিয়োগ সংক্রান্ত চুক্তিপত্র গ্রহণের পর একজন শ্রমিক কোম্পানীর অভ্যন্তরীণ যাবতীয় নিয়মনীতি মেনে নিতে দায়বদ্ধ হন।
- ১.৫.৯ যোগদানের তারিখে নবনিযুক্ত শ্রমিক কর্মচারীরা সকাল ৮ ঘটিকায় প্রশাসন ও মানব সম্পদ বিভাগে হাজির হইবেন। চাকুরীতে যোগদানের পর পরই প্রত্যেক শ্রমিক কর্মচারীকে আই ডি কার্ড প্রদান করা হবে।
- ১.৫.১০ কোন শ্রমিককে জোর পূর্বক কোন কাজে বাধ্য করা হবে না।
- ১.৫.১১ দক্ষ/ অদক্ষ শ্রমিকদের কাজের ধরন ও যোগ্যতা অনুযায়ী নিয়োগ করা হয় এবং বেতন নির্ধারণ হয়ে থাকে।
- ১.৫.১২ প্রতিবন্ধী নিয়োগ প্রত্যাশীকে অযোগ্য মনে না করে যোগ্যতা অনুসারে নিয়োগের ব্যবস্থা করা হয়।
- ১.৫.১৩ বেতন নির্ধারণের সময় বাংলাদেশ সরকার অনুমোদিত ন্যূনতম মজুরী গেজেট অনুসরণ করা হয়।
- ১.৫.১৪ নিয়োগ প্রদানের পর নির্বাচিত কর্মীদের নিম্নলিখিত বিষয়গুলির উপর প্রশিক্ষণ প্রদান করা হয়ঃ
 - ক) কোম্পানীর নিয়মনীতি সম্পর্কে ধারণা দেয়া হয়।
 - খ) স্বাস্থ্য বিধি এবং নিরাপত্তা বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়।
 - গ) শ্রমিকদের অধিকার, শ্রম আইন, ছুটির পদ্ধতি, মজুরীর হিসাব, আত্মরক্ষামূলক সরঞ্জামাদী ব্যবহার পদ্ধতি বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়।
- ১.৫.১৫ শ্রমিক নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার **Anti-harassment and anti-discriminatory** করা যাবে না।

